



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ (শোক বার্তা)

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০১ সেপ্টেম্বর ২০২০।

ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জির মৃত্যুতে শোক প্রকাশ করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এক শোক বার্তায় উপাচার্য মহোদয় বলেন, প্রণব মুখার্জি ছিলেন বাংলাদেশের অকৃত্রিম বন্ধু। বাংলাদেশ ও ভারতের মধ্যকার বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ভিত রচনায় তাঁর সক্রিয় ভূমিকা রয়েছে। তিনি আমাদের মহান মুক্তিযুদ্ধে নানাবিধ উপায়ে সর্বাঙ্গিক সহযোগিতা করেছেন। বর্ষিয়াণ এই নেতার প্রয়াণে উপমহাদেশের রাজনীতিতে অপূরণীয় ক্ষতি সাধিত হলো। উপমহাদেশের রাজনীতিতে অনবদ্য অবদানের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন। উপাচার্য মহোদয় তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস